

দেঃ জনকর্ণ

পার্বতীপুরের অধিকাংশ মাদ্রাসায় জাতীয় সঙ্গীত গাওয়া হয় না

নিজস্ব সংবাদদাতা, পার্বতীপুর, ২১ ফেব্রুয়ারি। সরকারীভাবে সকল শিক্ষাপ্রতিষ্ঠানে ক্লাস শুরু আগের জাতীয় সঙ্গীত গাওয়ার নির্দেশনা থাকলেও, দুঃখজনক হলেও সত্য যে পার্বতীপুরের অধিকাংশ মাদ্রাসা শিক্ষাপ্রতিষ্ঠানে জাতীয় সঙ্গীত গাওয়া হয় না বলে অভিযোগ উঠেছে। সূত্রমতে পার্বতীপুরে এমপিওভুক্ত মাদ্রাসা রয়েছে ৩৭টি। তারমধ্যে দাখিল ২৫, ফাজিল ৬, আলিম ৫ ও কালিম ১টি। সরেজমিনে ঘুরে প্রত্যক্ষ করা হয়েছে যে, গোবিন্দপুর বায়তুল আমান ফাজিল মাদ্রাসা, মোমিনপুর ইউনিয়নের সৈয়দপুর কেফায়েতুল উলুম দাখিল মাদ্রাসা, হাবড়া ইউনিয়নের বিনাইকুড়ি ওসমানীয়া দাখিল মাদ্রাসা, পলাশবাড়ী ইউনিয়নের দর্গাপাড়া ফাজিল মাদ্রাসা, চন্ডিপুর ইউনিয়নের বহিরবানিয়া দাখিল মাদ্রাসা, জাহানাবাদ দারুল উলুম সিনিয়ার মাদ্রাসা, মোস্তাফাপুর ইউনিয়নের আমবাড়ী দারুলুন্নাহ বালিকা দাখিল মাদ্রাসা, রামপুর ইউনিয়নের ফকিরবাজার বাহারুল উলুম আলিম মাদ্রাসাসহ অধিকাংশ মাদ্রাসায় ক্লাস শুরুর আগে জাতীয় সঙ্গীত গাইতে দেখা যায়নি। তারমধ্যে গোবিন্দপুর বায়তুল আমান ফাজিল মাদ্রাসা, সৈয়দপুর কেফায়েতুল উলুম দাখিল মাদ্রাসা, বিনাইকুড়ি ওসমানীয়া দাখিল মাদ্রাসার প্রিন্সিপাল যথাক্রমে রুহব আলী, আবু তালেব, মোঃ মতিউর রহমানও জানিয়েছেন, পূর্বে জাতীয় সঙ্গীত অনিয়মিত গাওয়া হলেও জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের সতর্ক বার্তায় এখন নিয়মিত গাওয়া হয়।